সমকাল

30 MAY 2017

# শিক্ষা প্রতিষ্ঠানে 'সততা স্টোর' চালুর নির্দেশ

■ বিশেষ প্রতিনিধি

ছাত্রছাত্রীদের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা বাড়াতে শিক্ষা প্রতিষ্ঠানে 'সততা স্টোর' চালুর নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা চর্চার লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে দেশের প্রতিটি জেলা ও উপজেলার যে কোনো একটি বালক ও একটি বালিকা বিদ্যালয়ে পরীক্ষামূলকভাবে বিক্রেতাবিহীন এ দোকান চালু হবে। 'সততা স্টোর' পরিচালনা করবে ম্যানেজিং কমিটি।

'সততা' স্টোর' চালুর নির্দেশনা দিয়ে গত ২২ মে একটি পরিপত্র জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহবার হোসাইন স্বাক্ষরিত এ পরিপত্রে মোট ১২ দফা নির্দেশনা দেওয়া হয়।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) পরামর্শে চালু করা এ দোকানের গঠন ও কার্যপরিচালনার ১২ দফায় বলা হয়েছে, এর নাম হবে 'সততা স্টোর'। বিদ্যালয়ে যে কোনো উপযুক্ত একটি কক্ষে এই দোকান হবে। এখানে খাতা, কলম, পেন্সিল, রাবার,

■ পৃষ্ঠা ৪ : কলাম ১

## শিক্ষা প্রতিষ্ঠানে

[১৯ পৃষ্ঠার পর]

স্কেল, জ্যামিতি বক্স, রঙ পেন্সিল, চিপস, বিস্কুটের মতো পণ্য পাবে শিক্ষার্থীরা। দোকানের প্রাথমিক অর্থায়ন করবে বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ। বাজারমূল্যের সঙ্গে সামঞ্জস্য রেখে মূল্য নির্ধারণ করা পণ্য কিনতে শিক্ষার্থীদের দোকানে প্রবেশের আগে রেজিস্ট্রারে তার নাম, শ্রেণি ও রোল নম্বর লিখতে হবে। পণ্যের দাম দেখে শিক্ষার্থীকে ক্যালকুলেটরে হিসাব করে সাদা কাগজে পণ্যের নাম ও সমপরিমাণ টাকা লিখে ক্যাশবাক্সে রেখে আসতে হবে।

তরুণ প্রজন্মের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ তৈরির জন্য গত বছর থেকে দুদক দেশব্যাপী 'সততা সংঘ' পরিচালিত করছে। এরই আলোকে বিদ্যালয়ে গঠিত হবে 'সততা স্টোর'। গত বছর ১০ নভেম্বর এক চিঠিতে 'সততা স্টোর' স্থাপনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়কে চিঠি দেয় দুদক।